

Letter writing (পত্র লিখন)

FORMAL LETTER	INFORMAL LETTER
<ul style="list-style-type: none">• পত্রের ডান দিকে উপরে নিজের নাম,ঠিকানা ও তারিখ (1/2)• বাঁদিকের উপরে যথাযোগ্য সম্মান সহ প্রাপকের নাম, সম্মান সম্ভাষণ,পদবি ও ঠিকানা। (1/2)• সম্বোধন (1/2)• পত্রের মাঝখানে মূল বক্তব্য বিষয় (subject or reference) থাকবে। (1/2)• পত্রের বিষয় ((½ + 4)• ধন্যবাদ জ্ঞাপন (1/2)• সাক্ষর - পত্রের শেষে ডানদিকের নিচে অবশ্যই নিজের নাম ও পদবি (1/2)	<ul style="list-style-type: none">• পত্রের ডান দিকে উপরে নিজের নাম,ঠিকানা ও তারিখ (1/2)• বাঁদিকের উপরে যথাযোগ্য সম্মান সহ প্রাপকের নাম। (1/2)• পত্রের বিষয় (body of the letter) (½ + 4)• বিদায় সম্ভাষণ (1/2)• সাক্ষর - পত্রের শেষ দিকে নিচে কেবলমাত্র নাম (1/2)• খাম - প্রাপকের নাম, ঠিকানা ও ডাকটিকিট সহ (1/2)• খাম বা (envelope)(1/2) করতে হবে - প্রাপকের নাম, ঠিকানা ও ডাকটিকিট সহ

৬/২, লেক রোড
কোলকাতা - ১৯
২৯.০৯.১৭

প্রিয় সার্থক,

আশাকরি ভাল আছ। অনেকদিন ধরে তোমায় চিঠি লিখব ভাবছি, কিন্তু হয়ে উঠছে না। আজ লিখতে বসলাম। সামনে পূজো আসছে। শরতের গন্ধমাখা আকাশ বাতাস। তোমাদের ওখানে পূজোর প্রস্তুতি কেমন চলছে? আচ্ছা সাবেকি পূজো তোমার ভাল লাগে না থিম পূজো? আমার কিন্তু সাবেকিয়ানাই বেশী ভাল লাগে। সাবেকিয়ানার মধ্যে আমি যেন শরতের গন্ধ মাখানো মাতৃত্বের ছোঁয়া পাই। ডাকের সাজ আমার খুব ভাল লাগে। তবে থিম পূজোকেও আমি ছোট করছি। ওতেও নতুনত্বের স্বাদ আছে। মর্ডান আর্টের ছবি এখানে ধরা পড়ে। কিন্তু আমার কাছে ধামসা মাদলের চেয়ে ঢাকের শব্দ অনেক বেশী আকর্ষণীয়।

বনেদী পূজোতে আজও যেমন সাবেকিয়ানা বজায় আছে, তেমনি অধিকাংশ বারোয়ারী পূজোই থিম সর্বস্ব হয়ে উঠেছে। তুমিতো বিদেশে থাক, ওখানে তো বাঙালীরা আজকাল ভালই দুর্গা পূজো করছে। তোমার মতামত জানিও। আজ এই পর্যন্ত রইলো। বাড়ির বড়দের আমার প্রণাম ও ছোটদের ভালবাসা জানিও।

ইতি
রোহিত

ডাকটিকিট
সার্থক চ্যাটার্জী প্রযত্নে - শ্রী সৌরভ চ্যাটার্জী ৩/১ পি. সি. স্ট্রিট, নিউ জার্সি, দক্ষিণ আমেরিকা

অথবা

মাননীয় দারোগা মহাশয় সমীপেষু,
বেহালা থানা,
ডায়মন্ড হারবার রোড,
কোলকাতা - ৭০০ ০৩৪

রূপেন সরকার
৬, বেচারাম চ্যাটার্জী স্ট্রিট ৪৫,
কোলকাতা ৭০০ ০৩৪
তারিখ - ২৯.৯.১৭

বিষয়: উৎসবে মাইকের অপব্যবহার

মাননীয় মহাশয়,

আমি রূপেন সরকার, বেহালা অঞ্চলের বাসিন্দা। আমার এলাকায় যে কোন উৎসব উপলক্ষে এমন জোরে মাইক বাজে যে পাড়ার লোকের কান ঝালাপালা হয়ে সমস্ত পাড়ায় গন্ডগোলের সৃষ্টি হয়। স্থানীয় ছেলেদের বললে কোন কথাই শোনে না। আমার বাড়িতে পড়াশোনা করতে খুবই অসুবিধা হয়। তাছাড়া আমার দাদু হাটের রোগী। অত শব্দে তাঁর বুক ধড়ফড় করে। মাইক বাজানোর সময়ও এরা মানে না। আনন্দ উৎসব তো থাকবেই। কিন্তু শব্দের এই বিভীষিকাময় আওয়াজ আমাদের অতিষ্ঠ করে তুলছে। উৎসবের শেষে বেশী রাত অবধি নাচ গানের জলসা চলে। এতো জোরে মাইক বাজে যে আমরা অত্যন্ত বিরক্ত বোধ করি।

আপনার কাছে আমার বিনীত অনুরোধ, আমার অভিযোগের সঠিক তদন্ত করুন। যদি পাড়ার ছেলেদের বুদ্ধিতে বাগে আনতে পারেন, তাহলে আমি এবং আমার পাড়ার লোকেরা বিশেষ উপকৃত হব।

ধন্যবাদান্তে,

বিনীত
রুপেন সরকার

ডাকটিকিট

মাননীয় দারোগা মহাশয়,
বেহালা থানা
৪৫, ডায়মন্ড হারবার
রোড,
কোলকাতা - ৭০০ ০৩৪